# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৬০৩

৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১৪. অনুমানে আঙ্গুরের পরিমাণ নির্ধারণ করা

باب فِي خَرْصِ الْعِنَبِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ السَّرِيِّ النَّاقِطُ، حَدَّثَنَا بِشْرُ بْنُ مَنْصُورٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ إِسْحَاقَ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، عَنْ عَتَّابِ بْنِ أَسِيدٍ، قَالَ أَمَرَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَنْ يُخْرَصَ الْعِنَبُ كَمَا يُخْرَصُ النَّخْلُ وَتُؤْخَذُ زَكَاتُهُ زَبِيبًا كَمَا تُؤْخَذُ زَكَاةُ النَّخْلِ تَمْرًا .

ـ ضعيف

বাংলা

১৬০৩। আত্তাব ইবনু আসীদ (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আঙ্গুরের পরিমাণ নির্ধারণ করতে নির্দেশ দিয়েছেন, যেমন খেজুরের পরিমাণ নির্ধারণ হয় এবং আঙ্গুরের যাকাত গ্রহণ করবে কিশমিশ দ্বারা, যেমন পাকা খেজুরের যাকাত শুকনা খেজুর দ্বারা নেয়া হয়।[1]

দুর্বল।

## English

Narrated Attab ibn Usayd:

The Messenger of Allah (ﷺ) commanded to estimate vines (for collecting zakat) as palm-trees are estimated. The zakat is to be paid in raisins as the zakat on palm trees is paid in dried dates.

ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায় : যাকাত, হাঃ ৬৪৪, ইমাম তিরমিযী বলেন, এ সানাদটি হাসান গরীব, নাসায়ী (অধ্যায় : যাকাত, হাঃ ২৬১৭), ইবনু মাজাহ (অধ্যায় : যাকাত, হাঃ ১৮১৯), দারাকুতনী (হাঃ১৭)। এর সানাদ দুর্বল। সনদের সাঈদ ইবনুল মুসায়্যিব আত্তাব ইবনু আসীদের যুগ পাননি। যেমনটি হাফিয ইবনু হাজার আত-তাহযীব গ্রন্থে বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আত্তাব বিন আসীদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58921

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন